রাজাগঞ্জ বাজারের নৈশ্যপ্রহরীর উপর হামলা, থানায় অভিযোগ দায়ের

কানাইঘাট প্রতিনিধিঃ কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ বাজারে নৈশ্যপ্রহরী মুজিবুর রহমান (৫৪) কে গত ১৯ ডিসেম্বর রাত আড়াইটার দিকে বাজারে পাহারা দেওয়ার সময় অতর্কিতভাবে হামলা চালিয়ে গুরুত্বর আহতের অভিযোগ পাওয়া গেছে। বর্তমানে নৈশ্যপ্রহরী মুজিবুর রহমান সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন বলে তার স্বজনরা জানিয়েছেন। এ ঘটনায় আহত মুজিবুর রহমানের ছেলে রাজাগঞ্জ ইউপির মইনা গ্রামের সেবুল আহমদ বাদী হয়ে কানাইঘাট থানায় গত শনিবার পার্শ্ববতী মইনার পাহাড় গ্রামের মৃত নুর উদ্দীনের ছেলে কামাল আহমদ (৪০) এর নাম উল্লেখ করে আরো অজ্ঞাতনামা ৩/৪ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগের প্রেক্ষিতে গতকাল রবিবার দুপুরে থানার এস.আই মোরশেদ আলম ঘটনাস্থল পরিদর্শন করেন। অভিযোগে উল্লেখ করা হয় প্রতিদিনের ন্যায় গত ১৯ ডিসেম্বর রাত ১০টা থেকে নৈশ্যপ্রহরী মুজিবুর রহমান বাজারে পাহারাদারের দায়িত্বে ছিলেন। রাত অনুমান আড়াইটার দিকে কামাল আহমদ সহ আরো ৩/৪ জন বাজারের রুপালী ব্যাংক ও আশপাশ মার্কেটের সামনে উদ্দ্যেশ্য মূলক ভাবে ঘুরাফেরা করলে নৈশ্যপ্রহরী মুজিবুর রহমান তাদের বাজার থেকে চলে যাওয়ার অনুরোধ করেন। এতে ক্ষিপ্ত হয়ে কামাল আহমদ সহ তার সাথে থাকা লোকজন লাঠি নিয়ে হত্যার উদ্দ্যেশ্যে মুজিবুর রহমানকে এলাপাতাড়ি ভাবে পিঠিয়ে গুরুতর আহত অবস্থায় রাস্তায় ফেলে চলে যায় হামলাকারীরা।
পরে তাকে আহত অবস্থায় বাজারের ব্যবসায়ী ও পরিবারের লোকজন উদ্ধার করে ওসমানী হাসপাতালে নিয়ে ভর্তি করেন। বাজাররে ব্যবসায়ী স্থানীয় লোকজন রাজাগঞ্জ বাজারের নৈশ্যপ্রহরী মুজিবুর রহমানের উপর হামলাকারীদের বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা নেয়ার জন্য থানা পুলিশের প্রতি দাবী জানিয়েছেন।